# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২৩

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ يُوسُفَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخَذَ كِسْرَةً مِنْ خُبْزِ الشَّعِيرِ فَوَضَعَ عَلَيْهَا تَمْرَةً فَقَالَ: «هَذِهِ إِدَامُ هَذِهِ» وَأَكَلَ. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

৪২২৩-[৬৫] ইউসুফ ইবনু ’আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, তিনি এক টুকরা যবের রুটি নিয়ে তার উপরে খেজুর রেখে বললেনঃ এটা (খেজুর) এর (রুটির) তরকারী এবং তা খেলেন। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : শামায়িলে তিরমিযী ১৮৪, আবূ দাঊদ ৩৮৩০, য‘ঈফাহ্ ৪৭৩৭, য‘ঈফুল জামি‘ ৬০৮৪।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘ইয়াযীদ আল আ‘ওয়ার’’, ইনি হচ্ছেন আবূ ‘উমাইয়াহ্-এর ছেলে। ইনি মাজহূল বা অপরিচিত ব্যক্তি। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ১০/২৮৪ পৃঃ, হাঃ ৪৭৩৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ যখন নির্ধারিত খাদ্যটাই হবে খেজুর এবং তাতে যখন তরকারী না থাকে তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এটার জন্য ওটাই উপযুক্ত। অর্থাৎ রুটির জন্য তরকারী হিসেবে খেজুরই উপযুক্ত। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮২৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইউসুফ ইবনু ‘আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74946

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন